যখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাবূক অভিযান হতে ফিরে এলেন, তখন তাঁকে মানুষেরা অভ্যর্থনা জানিয়ে আনতে গেল। আমি গেলাম বাচ্চাদের সাথে সানিয়াতুল ওদা‘ নামক স্থানে।

সায়েব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নবী সাল্লাল্লাহ
আলাইহি ওয়াসাল্লাম যখন তাবূক অভিযান হতে ফিরে এলেন, তখন তাঁকে মানুষেরা অভ্যর্থনা জানিয়ে আনতে গেল। আমি গেলাম বাচ্চাদের সাথে সানিয়াতুল ওদা‘ নামক স্থানে। আর ইমাম বুখারী বর্ণনা করেন যে, তিনি বলেন, “আমরা ছোট শিশুদের সাথে মদীনার উপকণ্ঠে অবস্থিত সানিয়াতুল ওদা‘ নামক স্থানে তাঁকে স্বাগত জানাতে গিয়েছিলাম।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: সায়েব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যখন তাবূক অভিযান হতে ফিরে এলেন, তখন যুদ্ধে যেতে অপারগ ও অন্যান্য যারা যুদ্ধে অংশ গ্রহণ করেনি তারা তাঁকে অভ্যর্থনা জানাতে সানিয়াতুল ওদা‘ নামক স্থানে গেলেন। সায়েব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু মদীনার ছোট শিশুদের সাথে সানিয়াতুল ওদা‘ নামক স্থানে তাঁকে স্বাগত জানাতে গিয়েছিলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3696